

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-২৬৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২২
০৬ মার্চ ২০১৬

বিষয়: সরকারি চাকরিজীবী গ্রী/স্বামী একই কিংবা নিকটবর্তী কর্মস্থলে পদায়ন/বদলি সংক্রান্ত।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৭৩.০২৭.২৫.০০.০০২.২০১৪(অংশ)-২২৪ তারিখ: ১৯.৮.২০১৫


মাঠ পর্যায়ে সরকারি কর্মকর্তাদের সার্বজনিকভাবে কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিভিন্ন সময়ে নির্দেশনা জারি করা হয়েছে। সরকারি দায়িত্ব যথাযথভাবে পালনের স্বার্থে মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ, বিশেষত জেলা প্রশাসকগণের সপরিবার কর্মস্থলে অবস্থানের আবশ্যিকতা রয়েছে। তা সত্ত্বেও অনেক জেলা প্রশাসক সপরিবার কর্মস্থলে অবস্থান করেন না। বিষয়টি পরীক্ষা করে দেখা গেছে যে, গ্রী/স্বামী সরকারি চাকরিজীবী হলে এবং ঢাকায় কর্মরত থাকলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের পক্ষে সপরিবার কর্মস্থলে বসবাস করা সম্ভব হয় না। এ ছাড়াও বিভিন্ন বাস্তব কারণে কোন কোন কর্মকর্তা জেলা প্রশাসক হিসাবে নিয়োগ পেতে আগ্রহী হন না।

০২। জেলা প্রশাসকগণ সপরিবার কর্মস্থলে বসবাস করলে তাঁদের পক্ষে দায়িত্ব পালনে সম্পূর্ণ মনোনিবেশ এবং জনগণকে অধিকতর সেবা প্রদান সম্ভব। তা ছাড়া, তাঁদের সন্তান সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করলে অভিভাবক হিসাবে তাঁরা জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নতি তথা শিক্ষার মানোন্নয়নে অধিকতর সক্রিয় ভূমিকা রাখতে আগ্রহী হন। অধিকন্তু, জেলা প্রশাসক-পত্নী সংশ্লিষ্ট জেলায় বসবাস করলে তিনি জেলার শিক্ষা, খেলাধুলা এবং সামাজিক-সাংস্কৃতিক উন্নয়নে নারীর ভূমিকা জোরদার করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারেন।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে, মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসকদের পরিবার তাঁদের কর্মস্থলে রাখার সদয় নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সূত্রোল্লিখিত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০৪। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, স্বামী-স্ত্রীকে যথাসম্ভব একই কিংবা নিকটবর্তী কর্মস্থলে পদায়ন সরকারি চাকরির ক্ষেত্রে একটি প্রতিষ্ঠিত রীতি। তা সত্ত্বেও লক্ষ্য করা গেছে যে, বিষয়টি সকল ক্ষেত্রে যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয় না।

০৫। এমতাবস্থায়, কোন কর্মকর্তা/কর্মচারী, বিশেষত জেলা প্রশাসকের গ্রী/স্বামী সরকারি চাকরিজীবী হলে তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে গ্রী/স্বামীকে একই কিংবা নিকটবর্তী কর্মস্থলে পদায়ন/বদলির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(হাবিবুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৭৬৪৮৮

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
.....মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার,..... (সকল)।
- ৩। জেলা প্রশাসক,..... (সকল)।